নিয়ন্ত্রক(অহিনি) কার্যালয়
পানি ভবন(লেভেল-১০),
৭২,গ্রীনরোড, বাপাউবো, ঢাকা ।
ফোন নং- +৮৮০২২২২২৩০০৩২(অফিস)
bwdbcontroller@yahoo.com

বাংলাদেশ পানি উন্নয়ন

Office of the Controller(F.A&A)
Panibhaban(Level-10)
72, Green road,
BWDB, Dhaka
Tel no- +8802222230032 (Off)
bwdbcontroller@yahoo.com

স্মারক নং-নিয়ন্ত্রক/ই-১/১৩৭ তারিখ-৩০/১১/২০২২ ইং

# সভার কার্য্যবিবরনী

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রচলিত নিয়মে ব্যাংকে উপস্থিত হয়ে পেনশন গ্রহণের পরিবর্তে Electronic Fund Transfer (EFT) এর মাধ্যমে অবসরভাতা পরিশোধের নিমিত্তে বিগত ২৮.১১.২০২২ খ্রিঃ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকার সময় অনুষ্ঠিত সভার কার্য্যবিবরনী ঃ**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রচলিত নিয়মে ব্যাংকে উপস্থিত হয়ে পেনশন গ্রহণের পরিবর্তে Electronic Fund Transfer (EFT) এর মাধ্যমে অবসরভাতা পরিশোধের কার্যক্রম শুরু হয়েছে। প্রাথমিকভাবে ০৪(চার)টি আঞ্চলিক হিসাব কেন্দ্র যথাক্রমে কেন্দ্রিয় র‌্যাক, ঢাকা র‌্যাক, গ্রীণরোড র‌্যাক ও ঠাকুরগাঁও র‌্যাক এবং পরবর্তীতে আরও ১৮(আঠার)টি র‌্যাকসহ সর্বমোট ২২(বাইশ)টি র‌্যাকে বোর্ডের যাবতীয় শর্তাবলী পালন সাপেক্ষে EFT মাধ্যমে পেনশন পরিশোধ করে আসছেন। উক্ত আদেশের ক্রমিক নং-০৬ এর আলোকে ইতোমধ্যে অবশিষ্ঠ ০৩(তিন)টি র‌্যাকে আগামী জানুয়ারী/২০২৩ খ্রিঃ মাস হইতে EFT এর মাধ্যমে পেনশন পরিশোধ আরম্ভ/চালু করার বিষয়ে নিয়ন্ত্রক(অহিনি), বাপাউবো, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে তাঁহার দপ্তর কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

| ক্রঃনং | কর্মকর্তার নাম | পদবী | দপ্তরের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | জনাব নাসরীন সুলতানা | সিঃ সিস্টেম এনালিষ্ট | কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, পাউবো, ঢাকা | স্বাক্ষরিত |
| ০২ | মোঃ রফিকুল ইসলাম সিকদার | উপ-পরিচালক(চঃদাঃ) | অডিট পরিদপ্তর, পাউবো ঢাকা | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ কামাল হোসেন | উপ-পরিচালক(চঃদাঃ) | হিসাব রক্ষণ পরিদপ্তর,পাউবো, ঢাকা। | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ হাফিজুর রহমান | উপ-পরিচালক(চঃদাঃ) | পেনশন শাখা, হিসাব রক্ষণ পরিদপ্তর। | স্বাক্ষরিত |
| ০৫ | এইচ.টি.এম.এনায়েত ইকবাল | উপ-পরিচালক(চঃদাঃ) | কেন্দ্রিয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো। | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ ফারুক চৌধুরী | সহকারী পরিচালক(অহিনি) | ময়মনসিংহ র‌্যাক, পাউবো, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ মহসীন পাটোয়ারী | সহকারী পরিচালক(অহিনি) | গ্রীণরোড র‌্যাক, পাউবো, ঢাকা | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ শওকত আলী | সহকারী পরিচালক(অহিনি) | নিয়ন্ত্রক(অহিনি) এর দপ্তর, পাউবো, ঢাকা | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব তুহিন আহমেদ | হিসাব রক্ষক | ঢাকা র‌্যাক, পাউবো, ঢাকা | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ আনিসুর রহমান | হিসাব রক্ষক | অর্থ পরিদপ্তর, পাউবো ঢাকা | স্বাক্ষরিত |
| ১১ | জনাব নয়ন রায় | হিসাব করনিক | ময়মনসিংহ র‌্যাক, পাউবো। | স্বাক্ষরিত |
| | | | | |

<u>সভার আলোচ্য সূচীঃ-</u>

(১) বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন ও অগ্রগতি নিয়ে পর্যালোচনা।
(২) EFT মাধ্যমে পেনশন পরিশোধ করে আসছেন এমন র‌্যাকসমুহের মতামত বিষয়ে আলোচনা।
(৩) আগামীতে ০৩(তিন)টি র‌্যাকে EFT মাধ্যমে পেনশন পরিশোধ বিষয়ে সিদ্ধান্ত।
(৪) পেনশনারদের অন-লাইন হাজিরার জন্য (Mobile Apps) তৈরীকরণ সংক্রান্ত অগ্রগতি নিয়ে আলোচনা।
(৫) বিবিধ।

উল্লেখিত বিষয়াবলী সমন্ধে সভায় বিস্তারীতভাবে আলোচনা করা হয়। বিশেষ করে অবশিষ্ঠ ০৩(তিন)টি র‌্যাকে জানুয়ারী/২০২৩ খ্রিঃ মাসে EFT মাধ্যমে পেনশন পরিশোধ পদ্ধতি চালুর করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। এই ০৩(তিন)টি র‌্যাক দপ্তর যথাক্রমে-ময়মনসিংহ র‌্যাক, কুমিল্লা র‌্যাক, কক্সবাজার র‌্যাক চলতি বছরের ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের পেনশনের অর্থ আগামী জানুয়ারী/২০২৩ মাসে ইএফটির মাধ্যমে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবেন। তার আগে সংশ্লিষ্ঠ র‌্যাক দপ্তর সমুহ পেনশনের মুল ব্যাংক একাউন্টে মাঠ পর্যায়ের অন্যান্য সকল শাখার সর্বশেষ ব্যাংক স্থিতি ফেরত আনার ব্যবস্থা গ্রহণ করবেন।

পেনশনারগণের অনলাইন হাজিরার বিষয়ে পরিচালক, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা Pro-Active উদ্যোগের মাধ্যমে অতি দ্রুততার সাথে Application Software তৈরী করিয়া বোর্ডকে ঝুঁকিমুক্ত করতঃ সর্বমোট প্রায় ২৪,০০০(চব্বিশ হাজার) পেনশন হোল্ডারকেই EFT এর আওতায় পেনশন গ্রহণের সুযোগ করে দিবেন বলে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। পেনশনারগণের নিজস্ব পেনশন থেকে সরকারের রেভিনিউ স্ট্যাম্প বাবদ ১০(দশ) টাকা কাটার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে বোর্ডে নথি উপস্থাপন করে একটি সার্কুলার জারী করতে হবে।

## আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তবলী গৃহিত হয়ঃ

| ক্রঃনং | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন করিবেন | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | অবশিষ্ঠ ০৩(তিন)টি র‍্যাক দপ্তর যথাক্রমে ময়মনসিংহ র‍্যাক, কুমিল্লা র‍্যাক ও কক্সবাজার র‍্যাক চলতি বছরের ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের পেনশনের অর্থ আগামী জানুয়ারী/২০২৩ মাসে খ্রিঃ মাসেই EFT এর মাধ্যমে পেনশন পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবেন। | নিয়ন্ত্রক(অহিনি), বাপাউবো, ঢাকা ও সংশ্লিষ্ঠ র‍্যাক প্রধানগণ | জানুয়ারী/২০২৩ | |
| ০২ | ময়মনসিংহ র‍্যাক, কুমিল্লা র‍্যাক ও কক্সবাজার র‍্যাক চলতি বছরের ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের পেনশনের অর্থ আগামী জানুয়ারী/২০২৩ মাসে খ্রিঃ মাসেই মাসে ইএফটির (EFT) মাধ্যমে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবেন। তার আগে পেনশনের মুল ব্যাংক একাউন্টে মাঠ পর্যায়ের অন্যান্য সকল শাখার সর্বশেষ ব্যাংক স্থিতি আগামী ১৫ই ডিসেম্বর/২২ তারিখের মধ্যেই ফেরত আনার ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ঠ র‍্যাক প্রধানগণ | ১৫ই ডিসেম্বর/২০২২ | |
| ০৩ | পরিচালক, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা-পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকার সহায়তা নিয়ে অতি দ্রুত একটি Application Software তৈরী করবেন। প্রয়োজনে তারা সি.জি.এ কর্তৃক প্রস্তুতকৃত Application Software এর সাহায্য নিতে পারেন। আগামী জানুয়ারী/২৩ মাসের প্রথম সপ্তাহের মধ্যে একটি অগ্রগতি প্রতিবেদন নিয়ন্ত্রক(অহিনি) বরাবর প্রেরন করবেন। | সিঃ সিস্টেম এনালিষ্ট, কেঃ আইসিটি পরিদপ্তর ও পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | জানুয়ারী/২০২৩ | |
| ০৪ | পেনশনারগণের নিজস্ব পেনশন থেকে সরকারের রেভিনিউ স্ট্যাম্প বাবদ ১০(দশ) টাকা কাটার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে বোর্ডে নথি উপস্থাপন করে একটি সার্কুলার জারী করতে হবে। | নিয়ন্ত্রক(অহিনি), বাপাউবো, ঢাকা ও সংশ্লিষ্ঠ র‍্যাক প্রধানগণ | জানুয়ারী/২০২৩ | |

৩০/১১/২২

(মোঃ হেমায়েতুল ইসলাম-এফসিএমএ)
নিয়ন্ত্রক(অহিনি),
বাপাউবো, ঢাকা।
ও
EFT বাস্তবায়ন-তদারকী সংক্রান্ত
প্রধান কর্মকর্তা, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-নিয়ন্ত্রক/ই-১/১৩৭/(১২)
তারিখঃ-৩০.১১.২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), বাপাউবো, ঢাকা।
০২। পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৩। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৪। পরিচালক, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁকে সভার কার্য্যবিবরনীটি বাপাউবোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য আদিষ্ঠমতে অনুরোধ করা হলো।
০৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। উপ-পরিচালক(অহিনি), পেনশন শাখা, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৮। সহকারী পরিচালক(অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র, ময়মনসিংহ/কুমিল্লা/কক্সবাজার র‍্যাক। তাকে বোর্ডের নির্দেশনা মোতাবেক ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের পেনশনের অর্থ আগামী জানুয়ারী/২০২৩ মাসে খ্রিঃ মাসে ইএফটির (EFT) মাধ্যমে পেনশন পরিশোধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্তি মহাপরিচালক(অর্থ/প্রশাসন), বাপাউবো, ঢাকা।

30-11-22

(মোঃ শওকত আলী)
সহকারী পরিচালক(অহিনি)
নিয়ন্ত্রক (অহিনি) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।